

# এমপিওভুক্ত শিক্ষকদের জন্য বড় সুখবর!

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ১৭:১৭, ২১ ফেব্রুয়ারি ২০২৬



ছবিঃ সংগৃহীত।

দেশের কয়েক লাখ এমপিওভুক্ত বেসরকারি শিক্ষক ও কর্মচারীদের দীর্ঘ ১৭ বছরের প্রতীক্ষার অবসান হতে যাচ্ছে। আগামী পবিত্র রমজানের ঈদ থেকেই তারা মূল বেতনের শতভাগ উৎসব ভাতা পেতে পারেন বলে শিক্ষা মন্ত্রণালয়ের নির্ভরযোগ্য সূত্রে জানা গেছে। শিক্ষামন্ত্রী ড. আন ম এহসানুল হক মিলন সম্প্রতি স্পষ্ট করেছেন যে শিক্ষকদের বর্তমান উৎসব ভাতার হার ১০০ শতাংশে উন্নীত করার নীতিগত সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

বর্তমান কাঠামো অনুযায়ী শিক্ষকরা মূল বেতনের মাত্র ২৫ শতাংশ এবং কর্মচারীরা ৫০ শতাংশ বোনাস পেয়ে আসছিলেন। এই চরম বৈষম্য নিরসনে ২০২১ সালের এমপিও নীতিমালার আলোকে নতুন এই পদক্ষেপ নেওয়া হচ্ছে। যদিও অর্থ মন্ত্রণালয়ের চূড়ান্ত অনুমোদনের জন্য কিছু দাপ্তরিক প্রক্রিয়ার

প্রয়োজন রয়েছে তবে সরকারের লক্ষ্য হচ্ছে আসন্ন ঈদের আনন্দ কয়েক গুণ বাড়িয়ে দেওয়া।

জাতীয় বেতন স্কেল ২০১৫-এর সাথে সামঞ্জস্য রেখে এই ভাতা প্রদানের পরিকল্পনা বাস্তবায়ন হলে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত কয়েক লাখ মানুষ সরাসরি উপকৃত হবেন। মন্ত্রণালয়ের এই ইতিবাচক দৃষ্টিভঙ্গি দেশের শিক্ষা ব্যবস্থাকে আরও আধুনিক এবং শক্তিশালী করবে বলে সংশ্লিষ্টরা মনে করছেন। শিক্ষকদের দীর্ঘদিনের রাজপথের লড়াই এবার এক সফল পরিণতির দিকে যাচ্ছে।